

স্নাতকোত্তর ডিগ্রি প্রোগ্রাম ( **Post-Graduate Degree Programme** )

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা ( **Term End Examination** ) : ডিসেম্বর, ২০২৪

বাংলা ( **Bengali** )

তৃতীয় পত্র ( **3rd Paper** )

**PRACHIN, MADHYAYUGIO, ADHUNIK KABITA**

সময় : চার ঘণ্টা

Time : 4 hours

পূর্ণমান : ১০০

Full Marks : 100

( মানের গুরুত্ব : ৮০% )

( Weightage of Marks : 80% )

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

**Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting. The figures in the margin indicate full marks.**

- ১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৪৫০ শব্দে ) : ১৮ × ২ = ৩৬
- ক) ধর্মীয় কারণে রচিত হলেও চর্যার পদগুলিতে সমকালের সামাজিক জীবনের যে ছবি পাওয়া যায়, তার পরিচয় দিন।
- খ) কৃষ্ণদাস কবিরাজের ‘চৈতন্যচরিতামৃত’ গ্রন্থের আদিলীলা ও মধ্যলীলা অনুসারে চরিতকার বর্ণিত চৈতন্যদেবের স্বরূপ বিশ্লেষণ করুন।
- গ) মানকুমারী বসুর ‘একা’ কবিতা বিশ্লেষণের মাধ্যমে তাঁর কবিস্বভাবের পরিচয় দিন।
- ঘ) জীবনানন্দ দাশের কবিতায় কাব্যভাবনা এবং নিজস্ব কবিভাষার প্রয়োগে যে মৌলিকত্বের পরিচয় পাওয়া যায়, সে সম্বন্ধে আলোচনা করুন।
- ২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৩০০ শব্দে ) : ১২ × ৩ = ৩৬
- ক) বৈষ্ণবপদাবলীর বাৎসল্য লীলার সঙ্গে অঙ্গঙ্গীভাবে যুক্ত গোষ্ঠলীলা – এই পর্যায়ে কৃষ্ণের গোষ্ঠযাত্রার দুটি ভাগের পরিচয় দিয়ে কবি বলরাম দাসের পদরচনার কৃতিত্ব বিচার করুন। ৩ + ৩ + ৬
- খ) কেতকাদাস ক্ষেমানন্দের মনসামঙ্গল কাব্যের বিশেষ লক্ষণীয় বৈশিষ্ট্যগুলি সম্বন্ধে আলোচনা করুন।

- গ) সৈয়দ আলাওলের ‘পদ্মাবতী’ কাব্যের বৈচিত্র্যপূর্ণ ভাষা, অসাধারণ ছন্দ অলঙ্কারের প্রয়োগ প্রসঙ্গে আপনার মতামত দিন।
- ঘ) মধুসূদন দত্তের ‘মেঘনাদবধ কাব্য’-এর মহাকাব্যিক লক্ষণগুলির বিচার করুন।
- ঙ) ‘বিন্মরণী’ কাব্যগ্রন্থের ‘কালাপাহাড়’ কবিতা অবলম্বনে মোহিতলালের কবি স্বভাব এবং কাব্যবৈশিষ্ট্যের পরিচয় দিন।
- চ) অমিয় চক্রবর্তীর ‘ইতিহাস’ কবিতা অবলম্বনে ভাব, ভাষা ও আঙ্গিকে কবির মৌলিক দৃষ্টিভঙ্গির স্বরূপ বুঝিয়ে দিন।
- ৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ১৫০ শব্দে ) : ৭ × ৪ = ২৮
- ক) বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন চর্যার ভাষা-যে বাংলা, তার পক্ষে যুক্তি দিন।
- খ) পাঠ্যপদ অবলম্বনে বৈষ্ণব পদাবলীর কলহান্তরিতা পর্যায়াটি বিশ্লেষণ করুন।
- গ) কৃষ্ণদাস কবিরাজের ‘চৈতন্যচরিতামৃত’র গঠনগত বৈশিষ্ট্যের পরিচয় দিন।
- ঘ) কোনো কোনো সমালোচকের কথায় ‘মেঘনাদবধ কাব্য’-র চতুর্থ সর্গটি অপয়োজনীয় – বক্তব্যের পক্ষে/বিপক্ষে আপনার মতামত দিন।
- ঙ) রবীন্দ্রনাথের ‘মহুয়া’ কাব্যগ্রন্থের ‘সবলা’ কবিতায় নারীর যে পরিপূর্ণ রূপ অঙ্কিত হয়েছে, তার পরিচয় দিন।
- চ) ‘ঘুমের ঘোরে’ কবিতায় কবি যতীন্দ্রনাথ সেনগুপ্তর যে বিশেষ জীবনদর্শন প্রতিফলিত হয়েছে, সে সম্পর্কে আলাচনা করুন।
- ছ) বিশ শতকের বাংলা কবিতায় কবি বুদ্ধদেব বসুর স্থান নির্দেশ করুন।
- জ) সুকান্ত ভট্টাচার্যের কবিতা বিশ্লেষণের মাধ্যমে কবির সমাজচেতনার পরিচয় দিন।